এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# ভূগোল ও পরিবেশ

বিষয় কোড: | ১ | ১ | ০ |


সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶




ক. ছায়াপথ কী? ১

খ. গ্রহকে নক্ষত্র বলা যায় না কেন? ২

গ. 'A' গ্রহে কেন প্রাণের অস্তিত্ব থাকা সম্ভব নয়- ব্যাখ্যা করো। ৩

ঘ. 'C' গ্রহটি বৈশিষ্ট্যগত দিক থেকে 'B' গ্রহটির অনুরূপ কী? তোমার মতামত দাও। ৪

২. ▶ শিক্ষিকা ভূগোল ক্লাসে পাঠদানের সময় মানচিত্রের প্রকারভেদ, অঙ্কন পদ্ধতি এবং নকশার সঙ্গে এর ব্যবহার অতীব গুরুত্বপূর্ণ তার বিবরণ দিলেন। বিথি এতে উৎসাহিত হয়ে নিজে মানচিত্র আঁকতে শিখল।

ক. GIS এর পূর্ণ নাম কী? ১

খ. গুণগত মানচিত্রের ব্যাখ্যা করো। ২


গ. ১ ইঞ্চিতে ১০০ কিলোমিটার ধরে উদ্দীপকের আলোকে বাংলাদেশের একটি মানচিত্র অঙ্কন করো। ৩

ঘ. 'আমাদের প্রাত্যহিক জীবনে মানচিত্রের ব্যবহার অতীব গুরুত্বপূর্ণ।' মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৩. ▶ নিচের চিত্রটি লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্র : ক



চিত্র : খ

ক. নদীগর্ভ কাকে বলে? ১

খ. বদ্বীপ সমভূমি নদীর মোহনায় গড়ে ওঠে কেন? ২

গ. 'খ' চিহ্নিত ভূমিরূপটির গঠন প্রণালি লিখ। ৩

ঘ. 'ক' ও 'খ' চিহ্নিত ভূমিরূপের সাদৃশ্যগুলো তুলে ধরো। ৪

Teachingbd.com

৪. ▶ ত্রপা ঢাকা শহরে বেড়াতে গিয়েছিল তার মামার সাথে। ঢাকা শহরের আশেপাশে ঘুরে সে একটি বিষয় লক্ষ করল, এখানে একটি বিশেষ শিল্প ব্যাপকভাবে গড়ে উঠেছে। যা দেশের কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে এবং বৈদেশিক মুদ্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।


ক. জলবায়ু কাকে বলে? ১

খ. শিল্প গড়ে ওঠার নিয়ামক দুটি কী কী? ২

গ. ত্রপার দেখা শিল্পটি ব্যাপকভাবে গড়ে ওঠার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. ত্রপার দেখা শিল্পটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে? ব্যাখ্যা করো। ৪

৫. ▶ চিত্রটি লক্ষ করে প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. চিত্রে উল্লেখিত 'A' ও 'B' দ্বারা কোন কোন বসতিকে নির্দেশ করছে? ১

খ. বিক্ষিপ্ত বসতি গড়ে ওঠার কারণ ব্যাখ্যা করো। ২

গ. 'B' চিহ্নিত বসতির বৈশিষ্ট্যগুলো লেখ। ৩

ঘ. 'A' ও 'B' বসতির তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৬. ▶ সিলেটের আনোয়ার একজন চা ব্যবসায়ী। তিনি তার বাগানে উৎপাদিত চায়ের বেশিরভাগ বিদেশে রপ্তানি করেন। কিন্তু বাজারজাতকরণের ক্ষেত্রে যোগাযোগ ব্যবস্থায় তাকে প্রতিবছর বিপাকে পড়তে হয়। তাই তিনি অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্থ হন।

Teachingbd.com

ক. অর্থকরী ফসল কাকে বলে? ১

খ. বাংলাদেশের দক্ষিণাঞ্চলে রেলপথ নেই কেন? ২

গ. চা সিলেটে বেশি উৎপাদন হওয়ার কারণ কী? ৩

ঘ. সুলভ পরিবহনের ক্ষেত্রে আনোয়ার কোন পথ ব্যবহার করতে পারেন? ৪

৭. ▶ প্রমি ও হৃদি সাভার যাওয়ার পথে আমিন বাজার পার হওয়ার পরেই চোখে জ্বালাপোড়া অনুভব করে। তারা দেখতে পেল রাস্তার উভয় পাশে অনেক ইটের ভাটা।

ক. বায়ু দূষণ কী? ১

খ. পরিবেশের ভারসাম্যহীনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. প্রমি ও হৃদির চোখ জ্বালাপোড়া করার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত পরিবেশ উদ্ভিদকূলের ওপর কীরূপ প্রভাব ফেলবে বিশ্লেষণ করো। ৪

৮. ▶




চিত্র : উত্তর আটলান্টিক মহাসাগর

ক. ভারত মহাসাগরের গভীর খাতের নাম কী? ১
খ. জোয়ার ভাটার দুটি কারণ লিখ। ২
গ. 'A' চিহ্নিত চক্র দিয়ে জাহাজ চলাচল করতে পারে না কেন? ৩
ঘ. তীব্র সমুদ্রস্রোত পৃথিবীর মধ্যে সর্বাধিক জাহাজ যাতায়াতের জন্য উপযোগী-ব্যাখ্যা করো। ৪

৯. ▶





ক. সাজ্যু নদীর উৎপত্তি কোথায়? ১
খ. বনভূমি কীভাবে দেশের কৃষি উন্নয়নে সহায়তা করে? ব্যাখ্যা করো। ২
গ. মানচিত্রের 'C' চিহ্নিত অঞ্চলে কোন ধরনের বৃষ্টিপাত অধিক সংঘটিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'A' ও 'B' অঞ্চলের প্রাপ্ত খনিজ সম্পদের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

১০. ▶ তমাল রেডক্রিসেন্ট দলের সাথে ভোলা, চাঁদপুর, বন্যা কবলিত কয়েকটি জেলায় ত্রাণ বিতরণের জন্য গিয়েছিল। সেখানকার অবস্থা এতটাই ভয়াবহ ছিল যে, যা বর্ণনাতীত। জানা গেছে বন্যাটি নদীজনিত বন্যা ছিল। এর প্রভাবে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে এবং সে মনে করে এটি নিয়ন্ত্রণ করা সম্ভব।

ক. বন্যা কী? ১
খ. নদীজনিত বন্যা বলতে কী বোঝায়? ২
গ. তমালের দেখা এলাকায় বন্যা হওয়ার কারণগুলো ব্যাখ্যা করো। ৩
ঘ. এসব এলাকার বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব কি? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

১১. ▶



চিত্র-১ চিত্র-২

ক. খামসিন কী? ১
খ. ভারতীয় উপমহাদেশের জলবায়ু ইউরোপের মতো শীতল হয় না কেন? ২
গ. 'চিত্র-১' এ প্রদর্শিত বৃষ্টিপাতটি নিরক্ষীয় অঞ্চলে কেন বেশি সংঘটিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'চিত্র-১' ও 'চিত্র-২' এর বৃষ্টিপাতের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান— ৩০    বিষয় কোড: | ১ | ১ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. প্রকৃতির সকর দান মিলে মিশে তৈরী হয়-
ক) ভূগোল    খ) পরিবেশ
গ) সমাজ    ঘ) সংস্কৃতি

২. নক্ষত্রগুলো কী দ্বারা তৈরী?
ক) হাইড্রোজেন
খ) হিলিয়াম
গ) হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাস
ঘ) হিলিয়াম গ্যাস

৩. গ্যালাক্সির ক্ষুদ্র অংশকে কী বলে?
ক) উল্কা    খ) বুধ
গ) নীহারিকা    ঘ) ছায়াপথ

৪. কোন গ্রহে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ বেশী?
ক) পৃথিবী    খ) শক্তি
গ) মঙ্গল    ঘ) ইউরেনাস

৫. ৩০ ডিগ্রী দ্রাঘিমান্তরে সময়ের ব্রবধান কত?
ক) ১ ঘণ্টা    খ) ২ ঘণ্টা
গ) ৩ ঘণ ।টা    ঘ) ১৬ ঘণ্টা

৬. ২২$\frac{১}{২}$ ডিগ্রী দক্ষিণ অক্ষাংশকে কী বলে?
ক) কর্কটক্রান্তি
খ) মকরক্রান্তি
গ) মহাবৃত্ত
ঘ) সুমেরুবৃত্ত

৭. জোয়ার ভাটা সৃষ্টি হয়- এর প্রভাব?
ক) বার্ষিক গতি    খ) নিরপেক্ষ রেখা
গ) আহ্নিক গতি    ঘ) মহাবিষুব

৮. যুক্তরাষ্ট্রে কয়টি প্রমাণ সময় রয়েছে?
ক) ২টি    খ) ৩টি
গ) ৪টি    ঘ) ৫টি

৯. প্রতিপাদ স্থানের মধ্য সময়ের পার্থক্য কত?
ক) ২৪ ঘণ্টা    খ) ১২ ঘণ্টা
গ) ৬ ঘণ্টা    ঘ) ১৮ ঘণ্টা

১০. মানচিত্রে দিক দেখানো না থাকলে কোন দিককে উত্তর দিক ধরা হবে?
ক) ডান দিককে
খ) বাম দিককে
গ) ওপরে দিককে
ঘ) নিচের দিককে

১১. সিয়াল স্তরে কোনটি থাকে?
ক) সিলিকন    খ) ম্যাগনেসিয়াম
গ) কার্বন    ঘ) পারদ

১২. ভূমিকম্পের কারণ হলো-
i. তাপ বিকিরণ
ii. শিলাচ্যুতি
iii. ভূপাত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) ii ও iii
গ) i ও iii    ঘ) i, ii ও iii

১৩. কোনটি পত্রায়নবিশিষ্ট শিলা?
ক) স্লেট    খ) মার্বেল
গ) কোয়ার্টজাইট    ঘ) ডলোমাইট

১৪. পদ্মা নদীর শাখা নদী কোনটি?
ক) সুরমা    খ) কুমার
গ) করতোয়া    ঘ) কুশিয়ারা

১৫. অ্যাপলেশিয়ান সমভূমিগুলো এক প্রকার-
i. ক্ষয়জাত সমভূমি
ii. পাদদেশীয় সমভূমি
iii. পর্বতমধ্যবর্তী সমভূমি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii    খ) ii ও iii
গ) i ও iii    ঘ) i, ii ও iii

১৬. বায়ু প্রবাহ উত্তর গোলার্ধে ডান দিকে এবং দক্ষিণ গোলার্ধে বা দিকে বেঁকে যায়। এই সূত্রকে কি বলে?
ক) নিউটনের সূত্র    খ) ফেরেলের সূত্র
গ) প্যাসকেলের সূত্র    ঘ) ডালটনের সূত্র

Teachingbd.com

১৭. বায়ু সর্বদা একস্থান থেকে অন্য স্থানে প্রবাহিত হয়-
i. তাপের তারতম্যের জন্য
ii. গতির পার্থক্যের জন্য
iii. চাপের পার্থক্যের জন্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮. কোন যন্ত্রের সাহায্য সমুদ্রের গভীরতা নির্ণয় করা হয়?
(ক) ব্যারোমিটার (খ) ফ্যাদোমিটার
(গ) সেক্সট্যান্ট (ঘ) সিসমোগ্রাফ

১৯. বৈকাল হ্রদ কোথায় অবস্থিত?
(ক) আমেরিকা যুক্তরাষ্ট্র (খ) কানাডা
(গ) রাশিয়া (ঘ) সিসমোগ্রাফ

২০. অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে সমস্যা কোনটি?
(ক) পরিমিত শ্রমশক্তি (খ) জনসংখ্যা হ্রাস
(গ) জনসংখ্যার আধিক্য (ঘ) জনসংখ্যার বন্টন

২১. জাপানের ওসাকায় জনসংখ্যা বেশী কেন?
(ক) সাংস্কৃতি প্রভাব
(খ) শিল্পাঞ্চল
(গ) বাসস্থানের সুযোগ
(ঘ) উন্নত যোগাযোগ ব্যবস্থা

২২. রৈখিক বসতির প্রধান কারণ কী?
(ক) প্রাকৃতিক (খ) সামাজিক
(গ) অর্থনৈতিক (ঘ) ধর্মীয়

২৩. ওয়াসা কোন নদরি পানি পরিশোধন করে বিতরণ করে?
(ক) পদ্মা (খ) মেঘনা
(গ) বুড়িগঙ্গা (ঘ) শীতলক্ষ্য

২৪. বাংলাদেশের রপ্তানী পণ্য কোনটি?
(ক) ভোজ্যতেল
(খ) পোশাক
(গ) পেট্রোলিয়াম পদার্থ
(ঘ) ইলেকট্রনিক্স যন্ত্রপাতি

২৫. অকৃষি অঞ্চলে মৃত্তিকা কিভাবে রক্ষা করা যায়?
(ক) সার ব্যবহার করে
(খ) রিসাইক্লিং করে
(গ) সোপান চাষ পদ্ধতিতে
(ঘ) বনায়নের মাধ্যমে

২৬. বাংলাদেশের চন্দ্রঘোনায় কাগজকল গড়ে উঠেছে কেন?
(ক) শক্তি সম্পদের সান্নিধ্য
(খ) জলবায়ু
(গ) কাঁচামালের সান্নিধ্য
(ঘ) শ্রমিক সহজলভ্য

২৭. বাংলাদেশের প্রথম সার কারখানা কত সালে স্থাপিত হয়েছে?
(ক) ১৯৫০ (খ) ১৯৫১
(গ) ১৯৫৭ (ঘ) ১৯৬১

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:

রফিক একজন কৃষক। সে সিলেটের হাওর এলাকায় বাস করে। তার উৎপাদিত কাঁচামাল দ্রুত যোগাযোগের জন্য কষ্টসাধ্য হলেও নৌপথ ব্যবহার না করে অন্যপথ অবলম্বন করে।

২৮. রফিক কোন পথ অবলম্বন করে?
(ক) সড়ক পথ (খ) রেলপথ
(গ) নদী পথ (ঘ) সমুদ্র পথ

২৯. উদ্দীপকে আলোচিত পথটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে-
i. উৎপাদিত কৃষিপণ্য বন্টনে
ii. বাজার ব্যবস্থার উন্নতির জন্য
iii. সুষম অর্থনৈতিক উন্নয়নে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩০. প্লাইস্টোসিনকালের সোপানসমূহ কী দিয়ে সমৃদ্ধ?
(ক) দোঁআশ মাটি
(খ) বেলে মাটি
(গ) পলি মাটি
(ঘ) খনিজ সম্পদে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক | | | | | | | | | | | | | | | | | | | | |